

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# ৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

অফিসঃ তিতুরকান্দী, ডাকঘরঃ-কাশিয়ানী, উপজেলাঃ-আলফাডাঙ্গা, জেলাঃ-ফরিদপুর।

স্মারক নং- ২৪

তারিখঃ ৩১/০৭/২০২৩ খ্রিঃ

বরাবর

উপজেলা নির্বাহী অফিসার

আলফাডাঙ্গা, ফরিদপুর।

বিষয় : টগরবন্দ ইউনিয়ন জন্ম ও মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধন টাঙ্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী আপনার সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অত্র সাথে প্রেরণ করা হলো।

বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামান

চেয়ারম্যান

৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

আলফাডাঙ্গা, ফরিদপুর।

# ৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

অফিসঃ তিতুরকান্দী, ডাকঘরঃ- কাশিয়ানী, উপজেলাঃ-আলফাডাঙ্গা, জেলাঃ-ফরিদপুর।

স্মারকনং- ২৪

তারিখঃ- ৩১/০৭/২০২৩ খ্রিঃ

সভার কার্যবিবরণী (অবিকল নকল)

সভাপতি- বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামান

চেয়ারম্যান

৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

তারিখ-২৭/০৭/২০২৩ খ্রিঃ, সময়-১০.০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের নাম ও পদবী :

ক্রমিকনং	নাম	পদবী
০১	মোসাঃ শেফালী বেগম	ইউপি সদস্যা
০২	মোসাঃ রিজ্বা বেগম	,,
০৩	জেসমিন নাহার	,,
০৪	আব্দুল্লাহ শামীম মল্লিক	ইউপি সদস্য
০৫	মোঃ জামাল শেখ	,,
০৬	মোঃ আজম খান	,,
০৭	মোঃ মাজারুল ইসলাম নয়ন	,,
০৮	মোঃ মুরাদ হোসেন	,,
০৯	আবু সাইদ মিয়া	,,
১০	আবুল কালাম কালু	,,
১১	শাহিন শেখ	,,
১২	সুলতান মাহমুদ	,,

অধ্যকার সভার সভাপতি জনাব বীর মুক্তিযোদ্ধা মিয়া আসাদুজ্জামান, চেয়ারম্যান, ৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ, আলফাডাঙ্গা, ফরিদপুর। সভাপতির আসন গ্রহণ করিবার পর সভার কার্যক্রম যথাসময়ে শুরু হয়।

সভার শুরুতে সভাপতি সাহেব অত্র ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যুনিবন্ধন সংক্রান্ত বিষয়ে সকলের মতামত জানতে চান। সভাপতি সাহেবের উক্ত আহবানের প্রেক্ষিতে সকলেই তাদের মতামত ব্যক্ত করেন। এবং এই বিষয়ে বিস্তারিত আলোচনান্তে জন্ম ও মৃত্যুনিবন্ধন সংক্রান্ত বিষয়ে ইউনিয়ন পরিষদের পরবর্তী সাধারণ সভায় নিম্নোক্ত প্রস্তাবমালা পেশ করার ব্যাপারে সর্বসম্মত সিদ্ধান্ত গ্রহণ করেন।

# ৪নং টগরবন্দ ইউনিয়ন পরিষদ

অফিসঃ তিতুরকান্দী, ডাকঘরঃ- কাশিয়ানী, উপজেলাঃ-আলফাডাঙ্গা, জেলাঃ-ফরিদপুর।

স্মারকনং- ২৪

তারিখঃ- ৩১/০৭/২০২৩ খ্রিঃ

(ক) ইউনিয়ন এলাকার জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদান ও প্রয়োজনীয় কার্য গ্রহণ;

(খ) জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম নিয়মিত তদারকি;

(গ) জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম দ্রুততার সহিত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

(ঘ) জন্ম-মৃত্যু সংখ্যা ও মিথ্যা, ভুয়া, জাল ইত্যাদি তথ্য বা সনদ প্রদান প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

অতঃপর আর কোন আলোচনা নাথায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।